



Advocates for Children of New York

Protecting every child's right to learn

আমার নিজের ভাষায় স্পেশাল এডুকেশন বিষয়ক তথ্যাবলি

এই পরামর্শমূলক প্রচারপত্রটি সেসব অভিভাবকের জন্য যাঁরা ইংরেজি ছাড়া অন্য কোন ভাষায় কথা বলেন এবং

যাদের নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোতে প্রতিবন্ধী সন্তান রয়েছে

আমার কি অনুবাদ ও ভাষান্তর সেবা পাওয়ার অধিকার রয়েছে?

যদি আপনি ইংরেজি নয় এমন কোন ভাষায় কথা বলেন এবং আপনার সন্তান স্পেশাল এডুকেশন সেবা গ্রহণ করছে এমন হয়ে থাকে, আপনার সন্তানের বিশেষ শিক্ষার ডকুমেন্টগুলির অনুবাদ পাওয়ার জন্য বলার আপনার অধিকার রয়েছে। আপনার শিশুর স্কুলের সাথে মিটিংগুলোতে এবং ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর সাথে অন্যান্য মিটিংগুলোতে ইন্টারপ্রিটার (ভাষান্তরকারী) পাওয়ার অধিকারও আপনার রয়েছে।

সকল অভিভাবক, যারা ইংরেজি ভিন্ন অন্য কোন ভাষায় কথা বলেন, তাঁদের তাহিকার রয়েছে বিনামূল্যে অনুবাদ ও ব্যাখ্যা প্রদান সেবা পাওয়ার যাতে করে তাঁরা তাঁদের সন্তানের স্কুল এবং অন্যান্য DOE অফিসের সাথে যোগাযোগ রক্ষা করতে পারেন, যদিও তাঁদের সন্তানের প্রতিবন্ধিত্ব নাও থেকে থাকে।

কোন কোন ভাষাগুলোতে আমি অনুবাদ ও ভাষান্তর সেবা পেতে পারি?

DOE-কে সবচেয়ে বেশি কথা বলা হয় এমন নয়টি ভাষায় অনুবাদ সেবা প্রদান করতেই হবে অভিভাবকগণ তার অনুরোধ করেন

DOE অভিভাবকগণকে ব্যক্তিগতভাবে সরাসরি অথবা টেলিফোনে ভাষান্তরের মাধ্যমে ব্যাখ্যা প্রদান করতে পারেন। টেলিফোনে তিন শতেরও অধিক ভাষায় ভাষান্তরে ব্যাখ্যা প্রদান সেবা সকল স্কুলে এবং DOE অফিসেই রয়েছে।

কোন কোন বিশেষ শিক্ষাসংক্রান্ত কাগজপত্রাদি DOE আমার জন্য অনুবাদ করবে?

যদি আপনি অনুরোধ করেন, DOE অনুবাদ করবে:

- 'আই, ই, পি' (IEPs - Individualized Education Programs- স্বতন্ত্রীকৃত শিক্ষা কার্যক্রমসমূহ);
- সেকশন 504 প্ল্যান; এবং
- মূল্যায়নসমূহ.

আপনার কোন প্রকার অনুরোধ জানানোর প্রয়োজনীয়তা ছাড়াই DOE নিম্নে উল্লেখিত কাগজপত্রাদিও আপনাকে অনুবাদ করে দেবে:

- বিশেষায়িত শিক্ষাসভাগমূহে আমন্ত্রণ জানিয়ে পত্রাবলি (উদাহরণস্বরূপ, আই,ই,পি মিটিংসমূহ, সামাজিক ঐতিহাসিক বিষয়াদি);
- আপনার অনুমোদন চেয়ে পাঠানো পত্রাবলি (উদাহরণস্বরূপ, আপনার সন্তানের মূল্যায়ন করার অনুমোদন চেয়ে, আপনার শিশুর জন্য বিশেষায়িত শিক্ষা সেবা প্রদানের অনুমোদন চেয়ে);
- আগে লিখিত নোটিশসমূহ;
- সম্পর্কিত সেবাসমূহের ক্ষমতাপ্রদান বিষয়ে (RSAs);
- নিকারসন (PI) পত্রাদি;
- বিশেষায়িত শিক্ষা কার্যক্রমসমূহের বিষয়ে তথ্যাদি (উদাহরণস্বরূপ, ASD প্রোগ্রামসমূহ, ACES প্রোগ্রামসমূহ, দ্বিভাষিক বিশেষায়িত শিক্ষা, প্রাক-স্কুল বিশেষ শিক্ষা); এবং
- পদ্ধতিগত নিরাপত্তা প্রজ্ঞাপন (শারীরিক অক্ষমতাসম্পন্ন সন্তানের অভিভাবক হিসেবে আপনার অধিকারসমূহ বিষয়ে তথ্যাদি)।

DOE-র উচিত তাদেরকে আপনার অনুরোধ জানানোর ৩০ দিনের মধ্যে আপনার সন্তানের বিশেষায়িত শিক্ষাসংক্রান্ত কাগজপত্রাদি অনুবাদ করে দেয়া।

অভিভাবকগণ সর্বাধিক যে নয়টি
ভাষায় সচরাচর কথা বলে থাকেন:
আরবী • বাংলা • চায়নিজ • ফরাসী •
হাইতিয়ান ক্রিওল • কোরিয়ান •
রাশিয়ান • স্প্যানিশ • উর্দু

আমি কীভাবে বিশেষায়িত শিক্ষাসংক্রান্ত কাগজপত্রাদি অনুবাদ করে দেয়ার অনুরোধ জানাতে পারি?

- এই www.schools.nyc.gov/IEPhello ওয়েবসাইটে প্রদত্ত আই,ই,পি রিকোয়েস্ট ফর্ম অনলাইনে পূরণ করুন (শুধুমাত্র IEP-র জন্য);
- এই (718) 935-2013 নাম্বারে কল করুন;
- ইমেইল করুন এই Hello@schools.nyc.gov ঠিকানায়; অথবা
- আপনার সন্তানের স্কুলে নির্দিষ্ট কোন ডকুমেন্ট-এর অনুবাদের জন্য বলতে পারেন অথবা অন্য কোন DOE অফিসে, যেখানে আপনি আপনার সন্তানের বিশেষায়িত শিক্ষার বিষয়ে কথা বলতে পারেন, উদাহরণস্বরূপ, কোন স্পেশাল এডুকেশন কমিটির কাছে (CSE)। যদি আপনি আপনার সন্তানের স্কুলে কোন অনুরোধ জানাতে চান, আপনার উচিত সেটিকে স্কুলের প্রিন্সিপ্যাল, সাইকোলজিস্ট, অথবা অভিভাবক সমন্বয়কের কাছে প্রদান করা। আপনার উচিত অনুরোধটি লিখিতভাবে প্রদান করা। একটি ভালো ধারণা হলো লিখিত অনুরোধের একটি কপি আপনার রেকর্ডের জন্য নিজের কাছে রাখা, যে তারিখে আপনি অনুরোধ জানিয়েছেন সে তারিখসহ।

NOTE:

DOE-র উচিত আপনার সন্তানের স্পেশাল এডুকেশন ডকুমেন্টসমূহ সেগুলোর জন্য আপনার অনুরোধের ৩০ দিনের মধ্যে অনুবাদ করা।

DOE কখন আমাকে ইন্টারপ্রিটার প্রদান করবে?

DOE আপনার জন্য ইন্টারপ্রিটার প্রদান করবে:

- সোশ্যাল হিস্ট্রি মিটিং-এ;
- IEP মিটিংসমূহে;
- সেকশন 504 মিটিংগুলোতে;
- নিরপেক্ষ শুনানিগুলোতে;
- বিহেভিয়ার ইন্টারভেনশন প্ল্যান (BIP) মিটিংসমূহে;
- কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) এবং কমিটি অন প্রি-স্কুল স্পেশাল এডুকেশন (CPSE) মিটিংসমূহে; এবং
- ম্যানিফেস্টেশন ডিটারমিনেশন রিভিউ (MDR) মিটিংসমূহে।

স্পেশাল এডুকেশন মিটিং-এ আমার ইন্টারপ্রিটার কার হওয়া উচিত?

স্পেশাল এডুকেশন মিটিং-এ আপনার ইন্টারপ্রিটার হওয়া উচিত একজন নিরপেক্ষ ব্যক্তি। ইন্টারপ্রিটারের উচিত শুধুমাত্র ভাষান্তর করে ব্যাখ্যা করে বুঝিয়ে দেয়ার কাজ করার জন্যই উপস্থিত হওয়া, এবং তার ভিন্ন কোন ভূমিকা থাকা উচিত নয়। আপনার নিজের ইন্টারপ্রিটার আনার কথা আপনাকে বলা উচিত নয়। আপনার সন্তানকেও আপনার জন্য ভাষান্তর করার জন্য বলা উচিত নয়।

আমার কার সাথে যোগাযোগ করা উচিত যদি আমার অনুবাদ ও ভাষান্তর সেবা পেতে সমস্যা হয়, অথবা যদি আমি

স্পেশাল এডুকেশন ডকুমেন্টসমূহ সেগুলোর জন্য আমার অনুরোধের 30 দিনের মধ্যে না পাই?

- এই ঠিকানায় ইমেইল করুন Hello@schools.nyc.gov;
- এই নাম্বারে (718) 935-2013 কল করুন;
- এখানে www.schools.nyc.gov/hello দেখে নিন কীভাবে অভিযোগ করতে হয়;
- 311- এ করুন; or
- AFC' র হেল্পলাইনে কল করুনঃ 1-866-427-6033, সোমবার থেকে বৃহস্পতিবার, সকাল 10am থেকে বিকাল 4pm পর্যন্ত।

Advocates for Children of New York, Inc.

151 West 30th Street, 5th Floor, New York, NY 10001
Jill Chaifetz Education Helpline: 1-866-427-6033 (toll free)

সোমবার থেকে বৃহস্পতিবার, সকাল 10am থেকে বিকাল 4pm পর্যন্ত

www.advocatesforchildren.org

This Tip Sheet does not constitute legal advice. This Tip Sheet attempts to summarize existing policies or laws without stating the opinion of AFC. If you have a legal problem, please contact an attorney or advocate.

Copyright © December 2021 by Advocates for Children of New York, Inc.